NYIC

বাংলা • BENGALI

# নিউ ইয়র্ক স্টেট কমিউনিটি টুলকিট

অভিবাসী নিউ ইয়র্কের অধিবাসীদের একটি রিসোর্স গাইড

জানুয়ারি / ফেব্রুয়ারি 2025




**New York Immigration Coalition**
nyic.org

নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন এই টুলকিটটি আমাদের সমাজের সদস্য, অংশীদার ও সহযোগীদের জন্য একটি সম্পদ হিসেবে তৈরী করেছে।আইন এবং নীতির পরিবর্তনের সাথে এটি নিয়মিত ভাবে সংশোধন করা হয়ে থাকে।

সর্বশেষ সংশোধিত নীতিমালা: 02.24.25

## সূচীপত্র


- স্বাস্থ্য **3**
- অভিবাসন নীতির নব সংযোজন **5**
- সাম্প্রতিক আগমন ও আশ্রয়প্রার্থী **7**
- পারিবারিক সংস্থান **9**
- স্কুল ও শিক্ষা **10**
- আর্থিক ক্ষমতায়ন **11**
- গণতন্ত্র **12**
- আপনার অধিকার জানুন **13**
- ঘৃণা সংক্রান্ত অপরাধ **14**
- NYS সম্ভার **15**

# স্বাস্থ্য



**স্বাস্থ্য বীমা**

- NY স্টেট অফ হেলথের মাধ্যমে নিউ ইয়র্কবাসীরা পাবলিক ও কমার্শিয়াল হেলথ ইন্সিওরেন্স লাভ করতে পারবেন।
    - আপনি যদি মেডিকেইড, এসেনশিয়াল প্ল্যান বা চাইল্ড হেলথ প্লাসের জন্য যোগ্যতালাভ করেন, তাহলে বছরের যেকোন সময় নথিভুক্ত হওয়া যাবে।
    - আপনি যদি কমার্শিয়াল হেলথ ইন্সিওরেন্স পেতে চান, ওপেন এনরোলমেন্ট শুরু হবে 1লা নভেম্বর, 2024 তারিখে এবং 15ই জানুয়ারি, 2025 পর্যন্ত চলবে।
- কিভাবে নিবন্ধন করবেন
    - ব্যক্তিগতভাবে বা ফোনে বিনামূল্যে তালিকাভুক্তি সহায়তা পেতে একজন নেভিগেটরের সাথে যোগাযোগ করুন। একজন নেভিগেটর সনাক্ত করতে info.nystateofhealth.ny.gov/ipanavigatorsitelocations-এ যান।
    - NY স্টেট অফ হেলথ কাস্টমার সার্ভিস সেন্টারে যোগাযোগের জন্য 1-855-355-5777 ডায়াল করুন।
    - অনলাইনে nystateofhealth.ny.gov দেখুন। আপনি কাস্টমার কেয়ার সেন্টারের সময় ওয়েবসাইটের চ্যাট বৈশিষ্ট্য ব্যবহার করে আপনার আবেদন শেষ করতে পারেন।
    - সহায়তা এবং আরও তথ্যের জন্য, নিউ ইয়র্ক সিটির বাসিন্দারা 311 ডায়াল করতে পারেন বা 877-877 নম্বরে "CoveredNYC" লিখতে পারেন। অথবা আরো সাহায্যের জন্য on.nyc.gov/healthinsurance-এও যেতে পারেন।
- info.nystateofhealth.ny.gov/InformationalMaterials-এ স্বাস্থ্য কভারেজ সম্পর্কে বহুভাষিক তথ্য খুঁজে পাবেন।

**DACA প্রাপকদের জন্য সম্প্রসারিত হেলথ কভারেজ**

- DACA প্রাপকেরা এখন ওবামাকেয়ার হিসাবে পরিচিত অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্টের (ACA) অধীনে স্বাস্থ্য পরিষেবা কভারেজ পাওয়ার যোগ্য হবেন।
- সম্প্রসারিত হেলথ কভারেজের মধ্যে এসেনশিয়াল প্ল্যান ও অন্যান্য কোয়ালিফায়েড হেলথ প্ল্যানগুলি অন্তর্ভুক্ত থাকবে।
    - আপনি যদি মেডিকেইডের জন্য যোগ্যতালাভ করেন, তাহলে এসেনশিয়াল প্ল্যান বা চাইল্ড হেলথ প্ল্যান নথিভুক্ত হওয়ার জন্য সারা বছর খোলা রয়েছে।
- নথিভুক্ত হওয়ার জন্য, দেখুন nystateofhealth.ny.gov।

**এসেনশিয়াল প্ল্যান কভারেজ সম্প্রসারণ**

- এপ্রিল 2024 থেকে, আরও বেশি নিউ ইয়র্কবাসী এসেনশিয়াল প্ল্যানের জন্য যোগ্যতালাভ করতে পারবেন।
    - যেসব নিউ ইয়র্কবাসীর আয় ফেডারেল পভার্টি লাইনের 250 শতাংশ তারাও এই সম্প্রসারণে অন্তর্ভুক্ত হতে পারবেন।
    - এই সম্প্রসারণের মধ্যে ডিফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভাল (DACA) প্রাপকেরাও অন্তর্ভুক্ত হবেন।
        - 1লা আগস্ট, 2024 থেকে DACA প্রাপকেরা এসেনশিয়াল প্ল্যানের মাধ্যমে আরও সস্তা হেলথ কভারেজ লাভ করতে পারবেন।
        - 1লা নভেম্বর, 2024 থেকে DACA প্রাপকেরা কোয়ালিফায়েড হেলথ প্ল্যানের মাধ্যমে আরও সস্তা হেলথ কভারেজ লাভ করতে পারবেন।
    - বর্তমানে আপনি যদি এসেনশিয়াল প্ল্যানে নথিভুক্ত থাকেন এবং গর্ভবতী হন, তাহলে মেডিকেইডের জন্য পুনর্মূল্যায়ন করার পরিবর্তে আপনাকে বর্তমান প্ল্যানে নথিভুক্ত থাকতে দেওয়া হবে।
- এসেনশিয়াল প্ল্যান সম্পর্কে আরও জানতে, দেখুন info.nystateofhealth.ny.gov/EssentialPlan।
- DACA প্রাপক হিসাবে এসেনশিয়াল প্ল্যানে নথিভুক্ত হওয়ার বিষয়ে আরও জানতে, দেখুন on.ny.gov/41sKYcs

**নিউ ইয়র্ক রাজ্যে 65+ বছর বয়সী নথিহীন অভিবাসীদের জন্য মেডিকেইড কভারেজ**

- 1লা জানুয়ারি, 2024 থেকে নিউ ইয়র্ক রাজ্যে বসবাসকারী 65 বছর ও তার বেশী বয়সী নথিহীন অভিবাসী, যারা নির্দিষ্ট আয়ের শর্ত পূরণ করবেন, তাদের (শুধুমাত্র এমার্জেন্সি মেডিকেইডের পরিবর্তে) সম্পূর্ণ মেডিকেইড লাভের যোগ্যতা দেওয়া হবে।
- কীভাবে নথিভুক্ত হবেন
    - বর্তমানে আপনার যদি এমার্জেন্সি মেডিকেইড থাকে, তাহলে NY স্টেট অফ হেলথ-এর পত্রে দেওয়া নির্দেশ অনুসরণ করে আপনি সম্পূর্ণ মেডিকেইডে পাল্টে নিতে পারবেন।
        - ইচ্ছা হলে আপনি শুধুমাত্র এমার্জেন্সি মেডিকেইড পাওয়াই চালিয়ে যেতে পারবেন।
    - আপনার যদি বিমা না থাকে এবং আগে থেকে এমার্জেন্সি মেডিকেইড না থাকে, তাহলে অবশ্যই সোশ্যাল সার্ভিসের স্থানীয় বিভাগ অথবা নিউ ইয়র্ক সিটি হিউম্যান রিসোর্স অ্যাডমিনিস্ট্রেশনের মাধ্যমে আপনাকে আবেদন জানাতে হবে।
    - আপনার যদি সহায়তার প্রয়োজন হয় অথবা যদি কোনও প্রশ্ন থাকে, তাহলে 1-855-355-5777 নম্বরে NY স্টেট অফ হেলথ-এ কল করুন। এখানে ভাষাগত সহায়তা পাওয়া যাবে।

# স্বাস্থ্য



**নিরাপদ ও কার্যকরী COVID-19, ফ্লু ও RSV টিকা উপলব্ধ রয়েছে**

- একটি আপডেট হওয়া 2024-2025 COVID-19 টিকা এখন উপলব্ধ রয়েছে।
  - নতুন COVID টিকায় সেই সমস্ত সাম্প্রতিক ভাইরাল স্ট্রেইনগুলিকে যোগ করা হয়েছে যা নিউ ইয়র্ক ও U.S.-এ দেখতে পাওয়া গেছে।
  - সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC) সুপারিশ জানায় যে 6 মাস ও তার থেকে বেশি বয়সী সবারই আপডেট হওয়া টিকা নেওয়া উচিৎ।
  - এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবেন সেইসব ব্যক্তি যারা আগে COVID-19 টিকা নিয়েছেন এবং যারা আগে COVID-19 অসুখে আক্রান্ত হয়েছেন।
  - 2024-2025 COVID-19 টিকা সম্পর্কে আরও তথ্য জানতে, দেখুন cdc.gov/covid/vaccines
  - আপনার নিকটবর্তী স্থানে আপডেট হওয়া টিকা পেতে, দেখুন vaccines.gov
  - আপনি যদি COVID-19 এর উপসর্গ দেখতে পান বা এই অসুখে আক্রান্ত রোগীর সংস্পর্শে আসেন, আপনার পরীক্ষা করিয়ে নেওয়া উচিৎ।
    - COVID-19 পরীক্ষা করিয়ে নিলে অসুস্থ হয়ে পড়লে কি করা উচিৎ তা আপনি স্থির করতে পারবেন, যেমন গুরুতর অসুস্থ হওয়ার আগেই চিকিৎসা শুরু করা অথবা রোগ ছড়িয়ে পরা আটকাতে নিজেকে অন্যদের থেকে আলাদা করে রাখুন।
    - সেপ্টেম্বর 2024 এর শেষ থেকে U.S. পরিবারগুলি বিনামূল্যে বাড়িতে বসে 4টি COVID-19 পরীক্ষা করাতে পারবেন COVIDTests.gov থেকে
- 2024-2025 সালের ফ্লুয়ের টিকা এখন নেওয়ার জন্য উপলব্ধ রয়েছে।
  - এই সাম্প্রতিকতম ফ্লুয়ের টিকা ফ্লুয়ের তিনটি স্ট্রেইনের বিরুদ্ধে সুরক্ষা জোগায়।
  - 6 মাস ও তার থেকে বেশি বয়সী যেকোনো ব্যক্তির জন্য CDC এই ফ্লুয়ের টিকা নেওয়ার সুপারিশ জানাচ্ছে।
  - 65 বছর ও তার থেকে বেশি বয়সের মানুষ, নির্দিষ্ট কোনও দীর্ঘস্থায়ী অসুখে আক্রান্ত ব্যক্তি, ছোট ছেলে-মেয়ে ও শিশু এবং গর্ভবতীদের ক্ষেত্রে ফ্লু থেকে গুরুতর জটিলতা তৈরি হওয়ার ঝুঁকি বেশি থাকে।
  - জনসাধারণ নিউ ইয়র্ক রাজ্যে ফ্লুয়ের প্রবণতা জানতে পারবেন এই বিভাগের ফ্লু ট্র্যাকারে- nyshc.health.ny.gov/web/nyapd/new-york-state-flu-tracker.
- রেসপিরেটোরি সিনসিশিয়াল ভাইরাসের (RSV) টিকা এখন নেওয়ার জন্য উপলব্ধ রয়েছে।
  - এই টিকা RSV এর কারণে হওয়া শ্বাসনালীর নীচের অংশের রোগ প্রতিরোধ করতে সহায়তা করে।
  - ব্যক্তিদের বয়স ও অন্যান্য ঝুঁকির বিষয়ের উপর নির্ভর করে এই টিকা সুপারিশ করা হয়।
    - 75 বছর ও তার বেশি বয়সী মানুষদের এই টিকা নেওয়ার পরামর্শ দেওয়া হয়।
    - গুরুতর RSV এর অধিক ঝুঁকি রয়েছে কিনা তা জানার জন্য, 60 থেকে 74 বছর বয়সী মানুষদের উচিৎ নিজের চিকিৎসকের সাথে কথা বলা।
    - গর্ভবতীরা সন্তানকে RSV থেকে সুরক্ষিত রাখার জন্য মাতৃত্বকালীন টিকা নিতে পারেন। আরও জানার জন্য গর্ভবতীরা নিজেদের প্রসূতি বিশেষজ্ঞ/ স্ত্রীরোগ বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করতে পারেন।
  - শিশু ও সদ্যজাতদের জন্যেও একটি টিকা রয়েছে, যার নাম নির্সেভামাব।
    - সদ্যজাতরা জন্মের পরেই এই টিকা হাসপাতালে পাবে এবং 8 মাসের থেকে ছোট শিশুরা তাদের চিকিৎসকের কাছ থেকে এটি নিতে পারবে।

**Mpox**

- আগস্ট 2024 অনুযায়ী বিশ্ব স্বাস্থ্য সংস্থা Mpox কে, যা আগে মাঙ্কি পক্স নামে পরিচিত ছিল, জনস্বাস্থ্যের জরুরী অবস্থা বলে ঘোষণা করেছে।
- Mpox এর ভাইরাস প্রধানত ঘনিষ্ঠতা, যৌনতা বা দীর্ঘ সময় ধরে ত্বকের সাথে ত্বকের সংস্পর্শ থাকলে তবেই ছড়ায়।
- Mpox এর উপসর্গের মধ্যে রয়েছে শরীরে ফুসকুড়ি, ব্যাথা বা ফোস্কা দেখা দেওয়া।
- যাদের এই অসুখের সংস্পর্শে আসার আশঙ্কা রয়েছে তারা JYNNEOS টিকা নিতে পারেন।
  - দুই ডোজের এই ভ্যাক্সিন বিনামূল্যে দেওয়া হয় এবং অভিবাসন স্থিতি, যৌন অভিমুখিতা বা লিঙ্গ পরিচয় নির্বিশেষে যেকোন নিউ ইয়র্কবাসী এটি নিতে পারবেন।
- Mpox টিকা সম্পর্কে আরও তথ্যের জন্য এবং টিকা নেওয়ার স্থান খুঁজে নেওয়ার জন্য, দেখুন cdc.gov/mpox

# অভিবাসন নীতির নব সংযোজন



**স্পর্শকাতর এলাকায় অভিবাসন আইন প্রয়োগকারী**

- 2025 সালের জানুয়ারি মাসে, ট্রাম্প সরকার দীর্ঘদিনের একটি পলিসি বাতিল করেছে যেখানে “স্পর্শকাতর স্থান” বা “সুরক্ষিত এলাকা”-এ অভিবাসন আইন প্রয়োগকারীদের এড়ানোর জন্য ICE ও CBP-কে নির্দেশ দেওয়া ছিল।
    - এর আগে, এই পলিসি স্কুল, চিকিৎসা কেন্দ্র ও উপাসনার জায়গা, সেইসঙ্গে শবযাত্রা, বিয়ে ও গণ বিক্ষোভের স্থানগুলিকে অভিবাসন আইন প্রয়োগকারীদের থেকে কিছুটা সুরক্ষিত রাখতে পারত।
    - এখন, ICE ও অন্যান্য এজেন্সিগুলি এই স্থানগুলিতে ও তার কাছাকাছি আইন প্রয়োগ করতে আর কোনও বাধা পাবে না।
    - ট্রাম্প সরকার এমন একটি নির্দেশও জারি করেছে যার মাধ্যমে আইন প্রয়োগকারীদের আদালত গৃহের ভিতরেও অনুমতি দেওয়া হচ্ছে।
- নিউ ইয়র্কবাসীরা এইসব স্থানে এখনও কিছুটা সুরক্ষা পাবেন।
    - 2018 সালের একটি নিউ ইয়র্ক স্টেট এক্সিকিউটিভ অর্ডারে, ICE-এর কাছে বিচার বিভাগীয় পরোয়ানা থাকার ক্ষেত্রে ছাড়া নিউ ইয়র্ক রাজ্য সরকারের বিভিন্ন পরিষেবা স্থল যেমন সরকারি স্কুল বা হাসপাতালে অভিবাসন আইন প্রয়োগকারীদের নিষিদ্ধ করা হয়েছিল।
    - প্রোটেক্ট আওয়ার কোর্টস অ্যাক্ট, একটি বিচার বিভাগীয় পরোয়ানা ছাড়া রাজ্য, নগর ও পৌর আদালতের মধ্যে নিউ ইয়র্কবাসীদের গ্রেফতার হওয়া থেকে সুরক্ষিত রাখে।
    - একটি বিচার বিভাগীয় পরোয়ানা অথবা কর্মক্ষেত্রের মালিক বা ম্যানেজারের সম্মতি ছাড়া ICE ও অন্যান্য এজেন্টরা কর্মক্ষেত্রের “ব্যক্তিগত স্থানে” প্রবেশ করতে পারবেন না।
- আরও জানতে, দেখুন nyic.org/2025/02/fact-sheet-trumps-expansion-of-enforcement-in-communities-and-how-sensitive-locations-can-prepare/

**ল্যাকেন রাইলি অ্যাক্ট**

- ল্যাকেন রাইলি অ্যাক্ট 29শে জানুয়ারি, 2025 তারিখে আইন হিসাবে নিবন্ধিত হয়েছে। এই নতুন আইনের অধীনে, নির্দিষ্ট কিছু অপরাধে অভিযুক্ত সুনির্দিষ্ট অভিবাসীরা ICE-এর হাতে আটক হতে পারেন, যেক্ষেত্রে তাদের মামলা মুলতুবী থাকা অবস্থায় বন্ডে মুক্তি পাওয়ার সুযোগও তারা পাবেন না।
    - দ্রষ্টব্য: বাধ্যতামূলকভাবে আটক হওয়ার জন্য একজন ব্যক্তিকে কোনও অপরাধে দোষী সাব্যস্ত হতে হবে তা নয়।
- যে অপরাধগুলির জন্য আটক করা হতে পারে সেগুলির মধ্যে রয়েছে চুরি, ছিনতাই বা ডাকাতি, দোকানে লুটপাট, একজন আইন প্রয়োগকারী অফিসারের উপর হামলা এবং এমন যেকোনো অপরাধ যার ফলে অন্য একজন ব্যক্তি মারা যান বা গুরুতরভাবে আহত হন।
- এই আইনের অধীনে থাকা কোনও অপরাধের জন্য যদি একজন কাগজবিহীন অভিবাসীকে গ্রেফতার করা হয়, তাহলে তার অভিবাসন মামলা চলাকালীন পুরো সময় ধরে তাকে আটক অবস্থায় কাটাতে হতে পারে।
- ল্যাকেন রাইলি অ্যাক্টের প্রভাব মূলত কাগজবিহীন অভিবাসীদের উপর পড়বে যারা দুটি প্রবেশপথের মাঝখানের সীমানা দিয়ে U.S.-এ প্রবেশ করবেন।
- এই আইন তাদের উপর প্রযুক্ত হবে না যারা:
    - গ্রীন কার্ড হোল্ডার (আইনতভাবে স্থায়ী বাসিন্দা)
    - মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে উদ্বাস্তুর অবস্থান পেয়েছেন এবং সেই পরিচয়ের মাধ্যমেই এই দেশে প্রবেশ করেছেন
    - U.S.-এ একটি ভিসার মাধ্যমে প্রবেশ করেছেন, এমনকি ভিসার সময়ের থেকে বেশি সময় থেকে গেলেও।
    - “এক্সপেডিটেড রিমুভাল”-এ থাকা ব্যক্তিরা
- আরও তথ্যের জন্য, দেখুন nipnlg.org/sites/default/files/2025-01/2025_NIPNLG-Laken-Riley.pdf

**কিউবান, হাইতিয়ান, নিকারাগুয়ান ও ভেনেজুয়েলান (CHNV)-দের জন্য প্যারোল**

- 20শে জানুয়ারি, 2025 তারিখে, একটি এক্সিকিউটিভ অর্ডারে বলা হয়েছে যে প্যারোলের নতুন আবেদনের জন্য ফর্ম I-134A, সাপোর্টার হওয়ার জন্য অনলাইনে অনুরোধ জানানো ও আর্থিক সহায়তার ঘোষণাপত্র গ্রহণ করা USCIS স্থগিত রাখছে।
- প্যারোলে থাকা ব্যক্তিদের পরামর্শ দেওয়া হচ্ছে যে যেকোনো প্রকার জনহিতকর ত্রাণের আবেদন জানানোর জন্য তারা যেন একজন অভিবাসন আইনজীবীর সাথে কথা বলেন।

# অভিবাসন নীতির নব সংযোজন

**অস্থায়ী সুরক্ষিত অবস্থা**
**(TPS / Temporary Protected Status)**

- মার্কিন সরকার TPS এর জন্য একটি বিদেশী দেশকে মনোনীত করতে পারে যদি কিছু শর্ত যেমন সশস্ত্র সংঘাত বা প্রাকৃতিক দুর্যোগ সেই দেশের নাগরিকদের নিরাপদে ফিরে আসতে বাধা দেয়।
- একটি নির্দিষ্ট সময়ের মধ্যে, যারা TPS এর জন্য আবেদন করে এবং মনজুরকরে:
    - নির্বাসন থেকে সুরক্ষিত
    - একটি ওয়ার্ক পারমিট এবং সামাজিক নিরাপত্তা নম্বর পেতে পারেন
    - ভ্রমণের অনুমোদন দেওয়া হতে পারে
    - তাদের অভিবাসন অবস্থার কারণে DHS দ্বারা আটক করা যাবে না
- TPS হল একটি অস্থায়ী সুবিধা যা স্থায়ী অবস্থার দিকে নিয়ে যায় না। যাইহোক, TPS হোল্ডাররা অন্য যেকোন অভিবাসন সুবিধা বা অ-অভিবাসী অবস্থার জন্য আবেদন করতে পারেন যার জন্য তারা যোগ্য।
- বর্তমানে TPS এর জন্য মনোনীত দেশ:
    - আফগানিস্তান, বার্মা (মিয়ানমার), ক্যামেরুন, এল সালভাদর, ইথিওপিয়া, হাইতি, হন্ডুরাস, নেপাল, নিকারাগুয়া, সোমালিয়া, সুদান, দক্ষিণ সুদান, সিরিয়া, ইউক্রেন, ভেনিজুয়েলা, ইয়েমেন, লেবানন
- নির্দিষ্ট দেশের তথ্য, যোগ্যতার প্রয়োজনীয়তা, নিবন্ধন সময়কাল এবং সর্বশেষ আপডেটের জন্য, uscis.gov/TPS দেখুন।
- সমস্ত TPS আবেদনকারীরা এখন uscis.gov/i-821 এ অনলাইনে ফর্ম I-821, অস্থায়ী সুরক্ষিত স্থিতির জন্য আবেদন করতে পারেন।
- বাইডেন সরকারের তৈরি করা DHS পদগুলির পর্যালোচনা করা হবে। DHS দ্বারা TPS পদগুলির পর্যালোচনার ফল হিসাবে TPS পদগুলি প্রত্যাহার করা হবে পারে।
    - 1লা ফেব্রুয়ারি, 2025 তারিখে DHS সেই ভেনেজুয়েলাবাসীদের TPS প্রত্যাহার করেছে যারা 3রা অক্টোবর, 2023 তারিখে TPS পেয়েছেন।
        - 7ই এপ্রিল, 2025 তারিখে এই ব্যক্তিরা নিজেদের অবস্থান ও কাজের অনুমোদন হারাবেন।
        - এই সমাপ্তির সিদ্ধান্ত সেইসব ভেনেজুয়েলা নাগরিকের ক্ষেত্রে প্রযুক্ত হবে না যারা 2021 ডেজিগনেশনের অধীনে TPS এর আবেদন করেছেন ও পেয়েছেন, যা 10ই সেপ্টেম্বর, 2025 পর্যন্ত কার্যকর থাকবে।
    - 20শে ফেব্রুয়ারি, 2025 তারিখে, DHS আংশিকভাবে হাইতিয়ানদের জন্য TPS প্রত্যাহার করেছে।
        - TPS এর জন্য হাইতির সম্প্রসারিত ও পুনর্নিয়োগের সময় 18 মাস থেকে 12 মাসে কমিয়ে আনা হয়েছে, যার নতুন শেষ তারিখ হল 3 আগস্ট, 2025। নতুন আবেদনের জন্য প্রাথমিক রেজিস্ট্রেশনের সময়কালও 3রা আগস্ট, 2025 তারিখে শেষ হচ্ছে।
    - ভেনেজুয়েলা ও হাইতির TPS থাকা ব্যক্তিরা অন্যান্য প্রোগ্রামের জন্য যোগ্যতালাভ করবেন কিনা জানতে একজন অভিবাসন আইনজীবীর সাথে কথা বলা উচিৎ।
    - কমিউনিটি সদস্যদের উচিৎ তাদের দেশের TPS ডেজিগনেশনের দিকে চোখ রাখা ও নিজেদের স্থিতি সম্পর্কে অবগত থাকা।

**ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভাল**
**(DACA / Deferred Action for Childhood Arrivals)**

- 17ই জানুয়ারি, 2025 তারিখে, ফিফথ সার্কিট কোর্ট অফ আপীলস একটি সিদ্ধান্ত জারি করেছে, যেখানে জানানো হয়েছে যে DACA প্রাপকদের নিয়োগের অনুমোদন দেওয়ার জন্য বাইডেন সরকারের 2022 DACA নিয়মটি বেআইনি ছিল।
    - এই সিদ্ধান্তের ফলে সরকার নতুন DACA আবেদনের অনুমোদনও দেবে না, তবে এখনের মত DACA রিনিউ করার ব্যবস্থা সক্রিয় থাকবে।
- 13ই সেপ্টেম্বর, 2023 তারিখে টেক্সাসের সাদার্ন ডিসট্রিক্টের U.S. জেলা আদালত DACA-কে আইনবিরুদ্ধ বিবেচনা করে এর বিরুদ্ধে রায় দিয়েছে। মামলা চলছে, তাই এটা সম্ভব যে কার্যক্রমটিতে আরো পরিবর্তন হবে।
- ইতিমধ্যে, DHS পুনর্নবীকরণ DACA অনুরোধগুলি গ্রহণ এবং প্রক্রিয়া চালিয়ে যাবে (ওয়ার্ক পারমিট এবং অগ্রিম প্যারোলের অনুরোধ সহ)। DHS গ্রহণ করবে কিন্তু প্রাথমিক DACA অনুরোধ প্রক্রিয়া করবে না।
    - বর্তমানে আপনার যদি DACA থাকে আপনার স্থিতি এখনও বৈধ আছে।
    - আপনার DACA-এর মেয়াদ যদি আগামী ছয় মাসের মধ্যে শেষ হওয়ার থাকে, তাহলে এখনই রিনিউ করুন!
    - যদি আপনি USCIS–এ প্রথমবার প্রাথমিক DACA আবেদন জমা দিয়ে থাকেন যা এখনও অনুমোদিত হয়নি, সেই আবেদনটি স্থগিত রাখা হবে। পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত এটি প্রক্রিয়া করা হবে না।
- যে ব্যক্তিরা আগে ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভাল (DACA) পেয়েছিলেন তারা এখন ফর্ম I-821D (DACA পুনর্নবীকরণ আবেদন) এবং I-765 (ওয়ার্ক পারমিট পুনর্নবীকরণ আবেদন) অনলাইনে ফাইল করতে পারেন।
    - যাদের বর্তমানে DACA রয়েছে অথবা যাদের DACA এর মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরে এক বছর পূর্ণ হয়নি তারা অনলাইনে ফাইল করতে পারবেন।
    - DACA সম্পর্কে এবং আপনার DACA স্ট্যাটাস কীভাবে আবার নতুন করে শুরু করবেন সেই সম্পর্কে আরও জানতে, দেখুন uscis.gov/DACA ।

# সাম্প্রতিক আগমন ও আশ্রয়প্রার্থী

**সীমানা ছাড়িয়ে এক্সপেডিটেড রিমুভাল-এর সম্প্রসারণ**

- 21শে জানুয়ারি, 2025 অনুযায়ী, হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ "এক্সপেডিটেড রিমুভাল" নামক একটি প্রক্রিয়ার ব্যবহার সম্প্রসারিত করেছে।
- এক্সপেডিটেড রিমুভালের মাধ্যমে সরকার দ্রুত সেই মানুষদের বিতাড়িত করতে পারবে যাদের কাগজ নেই বলে সরকার বিশ্বাস করবে, এক্ষেত্রে একজন অভিবাসন বিচারকের সামনে হাজিরও করা হবে না।
  - এক্সপেডিটেড রিমুভাল একটিমাত্র ক্ষেত্রে প্রযুক্ত হবে না, যেখানে কোনও ব্যক্তি দাবি করবেন যে তিনি নিজের দেশে ফিরে যেতে ভয় পাচ্ছেন এবং ভয় পরীক্ষার ইন্টারভিউতে পাশ করবেন। এক্ষেত্রে তিনি আশ্রয়লাভের আবেদন জানাতে পারবেন।
- এর আগে ICE ও CBP শুধুমাত্র সীমান্ত থেকে 100 মাইলের মধ্যে থাকা মানুষদের বিরুদ্ধে ও তাদের আগমনের 14 দিনের মধ্যে এক্সপেডিটেড রিমুভাল ব্যবহার করতে পারত।
- এখন, সরকার ঘোষণা করেছে যে দেশের যেকোনো কাগজবিহীন মানুষের ক্ষেত্রে এক্সপেডিটেড রিমুভাল ব্যবহার করা হবে, যারা প্রমাণ করতে পারবেন না যে তারা গ্রেফতারের আগে অন্ততপক্ষে দুই বছর ধরে ধারাবাহিকভাবে U.S.-তে থাকছেন।
- মানুষের নিজের অধিকার জানা উচিৎ এবং নিজেকে ও নিজের পরিবারকে সুরক্ষিত রাখার পদক্ষেপগুলি মেনে চলা উচিৎ, যার মধ্যে থাকবে প্রযোজ্যতা অনুযায়ী দুই বছর ধরে বসবাসের প্রমাণ সঙ্গে নিয়ে চলাফেরা করা।
- আরও জানতে, দেখুন nilc.org/resources/know-your-rights-expedited-removal-expansion/



**NYC রাইট টু শেল্টার নিয়ম**

- সদ্য আসা পরিবার ও সিঙ্গেল প্রাপ্তবয়স্করা যারা 15ই মার্চ, 2022 তারিখের পরে U.S.-তে প্রবেশ করেছেন, তারা আশ্রয়ের স্থান লাভের আবেদন জানাতে পারবেন এই ঠিকানায়- Roosevelt Hotel, 45 E 45th St, New York, NY 10017.
  - আগমন কেন্দ্র দিনে 24 ঘণ্টা, সপ্তাহে 7 দিন খোলা থাকে।
  - আশ্রয় তৎক্ষণাৎ পাওয়া যাবে না, সেইজন্য পরিবারগুলিকে যত দ্রুত সম্ভব আবেদন জানাতে বলা হচ্ছে।
  - আরও তথ্য জানতে এবং আশ্রয়স্থলের আবেদন জানানোর কাজে সহায়তা লাভের জন্য দেখুন: nyc.gov/site/asylumseekers/resources/additional-resources.page
- আপনি একটি পরিবারের অংশ নাকি সিঙ্গেল প্রাপ্তবয়স্ক তার উপর নির্ভর করে একটি নির্দিষ্ট সময়ের জন্য আশ্রয়স্থলে থাকা যাবে।
  - যেসব পরিবারে নাবালক শিশু রয়েছে তারা শেল্টার বা আশ্রয়ে প্রবেশ করলে 60 দিনের জন্যেই সেখানে থাকতে পারবেন। প্রত্যেক 60 দিন ছাড়া ছাড়া, এই পরিবারগুলিকে শেল্টার সিস্টেমে থাকার জন্য পুনরায় আবেদন জানাতে হবে।
    - এই নিয়মগুলি এখন সমস্ত শেল্টারের ক্ষেত্রে প্রযুক্ত হবে, যার মধ্যে ডিপার্টমেন্ট অফ হোমলেস সার্ভিসেস (DHS) ও হিউম্যানিটেরিয়ান এমার্জেন্সি রেসপন্স অ্যান্ড রিলিফ সেন্টার দ্বারা পরিচালিত শেল্টারগুলিও থাকবে।
  - একক অভিবাসী বা প্রাপ্তবয়স্কদের পরিবারগুলি, তাদের বয়ঃগোষ্ঠীর উপর নির্ভর করে 60 অথবা 30 দিনের জন্য একবারই শেল্টারে থাকতে পারবেন।
    - 18-23 বছর বয়সী সিঙ্গেল পরিযায়ী ব্যক্তিরা 60 দিনের জন্য আশ্রয়স্থলে থাকতে পারবেন।
    - 23 বছরের বেশি বয়সী সিঙ্গেল পরিযায়ী ব্যক্তিরা 30 দিনের জন্য আশ্রয়স্থলে থাকতে পারবেন।
    - ঘটনার ভিত্তিতে সিটি সিঙ্গেল প্রাপ্তবয়স্কদের আশ্রয়স্থলে থাকার সময়কাল 30 বা 60 দিন থেকে আরও বাড়িয়ে দিতে পারে।
    - যুক্তরাষ্ট্রীয়, রাজ্য ও স্থানীয় আইন অনুযায়ী, প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের 30 বা 60 দিনের বেশি সময় আশ্রয়স্থলে থাকতে দেওয়া হবে।
- আরও স্থায়ী বাসস্থান খুঁজে নিতে সহায়তা পাওয়ার জন্য পরিযায়ী ব্যক্তিদের নিজস্ব ভাষায় পরামর্শ লাভের অধিকার থাকবে। থাকার সময়সীমা শেষ হলে পরিযায়ী ব্যক্তিদের শেল্টার সিস্টেমের বাইরে থাকার জায়গা খুঁজে নেওয়ার চেষ্টা করতেই হবে।

# সাম্প্রতিক আগমন ও আশ্রয়প্রার্থী



### ঠিকানা পরিবর্তন এবং স্থান পরিবর্তন

- বর্তমানে আপনার যদি কোনও অভিবাসন কেস থাকে, তাহলে আপনার কেস কোন এজেন্সি সামলাচ্ছে তার উপর নির্ভর করে ঠিকানা পাল্টানোর 5 থেকে 10 দিনের মধ্যে আপনাকে আইনতভাবে U.S. সরকারের কাছে নিজের নতুন ঠিকানা জানাতে হবে।
- সঠিক এজেন্সির সাথে ঠিকানা পাল্টালে, শুনানি বা ইন্টারভিউর নোটিসের মত গুরুত্বপূর্ণ নথিপত্র ডাকে পাওয়া নিশ্চিত করতে পারবেন।
- USCIS-এর সাথে নিজের ঠিকানা পাল্টাতে চাইলে, অনলাইনে বা ডাকে একটি ঠিকানা পরিবর্তনের ফর্ম জমা দিন।
  - অনলাইনে ঠিকানা পরিবর্তন করার জন্য, myaccount.uscis.gov-এ একটি অ্যাকাউন্ট তৈরি করুন অথবা uscis.gov/COA এ একটি অনলাইন ফর্ম জমা দিন।
  - ডাকে ঠিকানা পরিবর্তন করার জন্য, ফর্ম AR-11, বহিরাগতের ঠিকানা পরিবর্তন কার্ড পূরণ করে uscis.gov/ar-11-এ ফর্মের 2য় পৃষ্ঠায় দেওয়া ঠিকানায় পাঠাতে হবে।
  - দ্রষ্টব্য: আপনার আশ্রয়লাভের আবেদনে পরিবারের যেসব সদস্য অন্তর্ভুক্ত রয়েছেন তাদের প্রত্যেকের জন্য আলাদা আলাদাভাবে একটি করে ফর্ম জমা দিতে হবে।
- আপনি যদি অপসারণ কার্যক্রমের মধ্যে থাকেন, তাহলে আপনাকে হয় ইমিগ্রেশন কোর্ট (IC) অথবা বোর্ড অফ ইমিগ্রেশন অ্যাপিলস (BIA)-এর মাধ্যমে অবশ্যই নিজের ঠিকানা পরিবর্তন করতে হবে।
  - আপনার কেস কোন এজেন্সির সাথে চলছে সেই বিষয়ে নিশ্চিত না থাকলে, EOIR ওয়েবসাইটে গিয়ে খোঁজ নিতে পারেন: eoir.justice.gov.
  - অনলাইনে নিজের ঠিকানা পাল্টানোর জন্য, ফর্ম EOIR-33/IC অথবা EOIR-33/BIA জমা দিন, এখানে- respondentaccess.eoir.justice.gov।
  - সশরীরে গিয়ে বা ডাকের মাধ্যমে নিজের ঠিকানা পাল্টানোর জন্য, ফর্ম EOIR-33-এর 2য় পৃষ্ঠার নির্দেশগুলি অনুসরণ করুন।
  - দ্রষ্টব্য: ফর্মের নির্দেশ অনুযায়ী আপনাকে ঠিকানা পরিবর্তনের ফর্মের একটি প্রতিলিপি DHS OPLA-এর কাছেও পাঠাতে হবে।
- ফর্মগুলি পাওয়ার জন্য যান: justice.gov/eoir/eoir-forms.
  - চাইনিজ, হাইতিয়ান ক্রেওল, পর্তুগিজ, পাঞ্জাবী, স্প্যানিশ ও রাশিয়ান ভাষায় অনুবাদ পাওয়া যাবে।
- আপনার বর্তমান ইমিগ্রেশন কোর্ট অনেক দূরে অবস্থিত হওয়ার ফলে আপনি যদি শুনানির দিন উপস্থিত না থাকতে পারেন এবং আপনার নতুন ঠিকানার কাছাকাছি অন্য একটি ইমিগ্রেশন কোর্ট থাকে, তাহলে শুনানির স্থান পরিবর্তন করার জন্য আপনি একটি প্রস্তাব জমা দিতে পারেন।
  - দ্রষ্টব্য: স্থান পরিবর্তনের প্রস্তাব বা মোশন টু চেঞ্জ ভেন্যু হল একটি বিশেষ অনুরোধ এবং ঠিকানা পরিবর্তনের ফর্মের থেকে অনেক বেশি জটিল। এক্ষেত্রে একজন আইনজীবীর সহায়তা নেওয়ার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে।
- আপনার ঠিকানা পরিবর্তন ও শুনানির স্থান পরিবর্তন সম্পর্কে আরও জানার জন্য দেখুন:
  - help.asylumadvocacy.org/faqs-moving-traveling (ইংরাজি)

### ইমিগ্রেশন চেক-ইন

- মার্কিন সরকারের মধ্যে বিভিন্ন অভিবাসন সংস্থা রয়েছে। ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE) হল সেই সংস্থা যেটি অভিবাসন আইন প্রয়োগ করে এবং ইন্টেন্সিভ সুপারভিশন অ্যাপিয়ারেন্স প্রোগ্রাম (ISAP) হল নির্দিষ্ট অভিবাসীদের নিরীক্ষণ করার জন্য ICE-এর প্রোগ্রামের নাম।
- কিছু লোককে তাদের কেসের অংশ হিসাবে ICE বা ISAP এর সাথে নিয়মিত চেক ইন করতে হবে। আপনি যদি সীমান্ত অতিক্রম করে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন এবং আপনাকে আটক করা হয়, অথবা দেশে প্রবেশের কিছু সময় পরে আপনাকে আটক করা হয়, তাহলে আপনার ICE বা ISAP চেক-ইন থাকতে পারে।
  - আপনাকে যদি চেক ইন করতে বলা হয়, তাহলে আপনার অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত থাকা জরুরী। যদি অ্যাপয়েন্টমেন্টে হাজির হতে না পারেন, তাহলে নিয়মের লঙ্ঘন হওয়া বোঝাবে এবং আপনার অভিবাসন কেসের উপর নেতিবাচক প্রভাব পড়তে পারে।
  - এই অ্যাপয়েন্টমেন্টে এলে ICE নিজেদের হেফাজতে নিয়ে নেওয়ার ঝুঁকিও রয়েছে। অ্যাপয়েন্টমেন্টে আসার আগে মানুষকে একটি পরিকল্পনা বানাতে ও প্রস্তুত থাকতে হবে।
- ICE-এর সাথে আপনার চেক-ইন রয়েছে কিনা সেই বিষয়ে নিশ্চিত না হলে, চেক-ইনের সূচী স্থির করতে বা পরিবর্তন করতে অথবা আপনার ঠিকানা পাল্টানোর বিষয়ে কোনও প্রশ্ন থাকলে, দেখুন- ice.gov/check-in।
- চেক-ইন প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্য পেতে, দেখুন:
  - help.asylumadvocacy.org/faqs-ice-isap (ইংরাজি)

# পারিবারিক সংস্থান



### নিউ ইয়র্ক স্টেট পেইড প্রিনেটাল লীভ

- 1লা জানুয়ারি, 2025 থেকে নিউ ইয়র্ক রাজ্য পেইড প্রিনেটাল লীভ চালু করছে।
- যেকোন বেসরকারি চাকরীতে নিযুক্ত অন্তঃসত্ত্বা নিউ ইয়র্কবাসী সন্তান জন্মের আগের চিকিৎসা পরিষেবা পাওয়ার জন্য 20 ঘন্টার অতিরিক্ত বেতনসহ ছুটি লাভ করতে পারবেন।
- কর্মচারীদের অসুস্থতাজনিত ছুটির বাইরে এই প্রিনেটাল কেয়ারের ছুটি দেওয়া হবে, তাই ছুটি জমিয়ে রাখার দরকার নেই। কর্মচারী কাজ শুরু করার সময় থেকেই এই ছুটি পাওয়া যাবে।
    - নিউ ইয়র্ক স্টেট সিক লীভ বা অন্যান্য ছুটির পলিসি বা সুবিধার থেকে এই পেইড প্রিনেটাল লীভ আলাদা।
    - পেইড প্রিনেটাল লীভ ব্যবহার করার আগে অন্য প্রকারের ছুটি খরচ করে ফেলার জন্য নিয়োগকর্তা কর্মচারীদের জোর করতে পারবেন না বা এক প্রকার ছুটির বদলে অন্য প্রকার ছুটি নিতে বলতে পারবেন না।
- কর্মচারীরা একটি বছরের মধ্যে একাধিক গর্ভাবস্থার জন্য এই ছুটি ব্যবহার করতে পারবেন, তবে 52 সপ্তাহের মধ্যে এই ছুটি শুধুমাত্র 20 ঘন্টার জন্যেই পাওয়া যাবে।
- পেশা, ইন্ডাস্ট্রি অথবা পার্ট-টাইম বা ওভারটাইমের দায়মুক্ত স্থিতি নির্বিশেষে, সমস্ত বেসরকারি কর্মচারীরা পেইড প্রিনেটাল লীভ পাবেন।
- প্রিনেটাল কেয়ারের মধ্যে থাকবে ইন ভিট্রো ফার্টিলাইজেশনের মত ফার্টিলিটি ট্রিটমেন্ট ও গর্ভাবস্থা শেষের পরিষেবা।
- আরও তথ্যের জন্য দেখুন ny.gov/prenatal

### এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের সম্প্রসারণ

- 17 বছরের কমবয়সী বাচ্চা থাকা সমস্ত ট্যাক্স ফাইল করা পরিবার ফেডেরাল চাইল্ড ট্যাক্স ক্রেডিটের পরিপূরক, নিউ ইয়র্ক রাজ্যের এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট লাভের যোগ্যতা পাবে।
- আপনার যদি 17 বছরের কমবয়সী নির্ভরশীল সন্তান থাকে, আপনি ট্যাক্স ফাইল করেন ও নিউ ইয়র্ক রাজ্যে পাকাপাকিভাবে বাস করেন (অথবা এমন কাউকে বিয়ে করেছেন যিনি এখানকার স্থায়ী বাসিন্দা), তাহলে পরের বার ট্যাক্স ফাইল করার সময় আপনি এই ট্যাক্স ক্রেডিট ফেরত পাওয়ার যোগ্যতা লাভ করবেন।
- বিশেষত, এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের মধ্যে সেইসমস্ত বাবা-মা অন্তর্ভুক্ত থাকেন যারা একটি ইন্ডিভিজুয়াল ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নম্বর (ITIN) ব্যবহার করে তাদের ট্যাক্স ফাইল করেন।
- এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট সম্পর্কে আরও জানতে দেখুন tax.ny.gov/pit/credits/empire_state_child_credit.htm।

### চাইল্ড কেয়ার অ্যাসিস্টেন্স প্রোগ্রাম

- রাজ্যের গড় আয়ের 85% বা তার কম আয় হলেই এখন পরিবারগুলি শিশুর দেখাশোনায় সহায়তা লাভের যোগ্যতা পাবেন।
    - পরিবারের যোগ্যতালাভ করার জন্য তাদের বার্ষিক আয় হবে সর্বাধিক:
        - $73,869.56 – 2 সদস্যের পরিবারের জন্য
        - $91,250.63– 3 সদস্যের পরিবারের জন্য
        - $108,631.70 – 4 সদস্যের পরিবারের জন্য
        - $126,012.77 – 5 সদস্যের পরিবারের জন্য
        - $143,393.84 – 6 সদস্যের পরিবারের জন্য
    - অংশগ্রহণকারী পরিবারগুলির জন্য দারিদ্র্য সীমার উপরে পরিবারের মোট আয়ের 1% এর বেশী ব্যয় ধার্য করা হবে না।
    - অনুমোদনযোগ্য বার্ষিক অনুপস্থিতির সংখ্যা হল 80.
- আরও তথ্য জানতে এবং আপনি কম অথবা বিনামূল্যে শিশু পরিচর্যা লাভের যোগ্যতা পাবেন কিনা দেখতে, যান ocfs.ny.gov/ccap.

# স্কুল ও শিক্ষা

**পাবলিক স্কুল সিস্টেম (3K-12)**

- নিউ ইয়র্ক রাজ্য, অভিবাসন স্থিতি নির্বিশেষে প্রত্যেক শিশুকে বিনামূল্যের ও গুণমানসম্পন্ন শিক্ষার নিশ্চয়তা দেয়, কিন্ডারগার্টেন থেকে শুরু করে হাই স্কুল ডিপ্লোমা পাওয়া পর্যন্ত অথবা শিক্ষার্থীর 21-এ পা দেওয়ার বছরের শেষ পর্যন্ত।
- বাচ্চার পড়াশোনা বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য থাকা সমস্ত কাগজপত্র সময় মতো অনূদিত ও ভাষান্তরিত করে পরিবারগুলির হাতে দেওয়ার নিশ্চয়তা দেওয়া হচ্ছে।
- শিক্ষার্থীরা বছরের যেকোন সময় একটি NYS পাবলিক স্কুলে ভর্তির আবেদন জানাতে পারবে ও ভর্তি হতে পারবে, তবে প্রচলিত ভর্তির সময়কালের বাইরে সীমিত বিকল্প পাওয়া যাবে।
- পাবলিক স্কুলগুলিকে খুব সম্ভবত অভিবাসন স্থিতি সম্পর্কে জানতে চাওয়া হবে না এবং স্কুলের সাধারণ কর্মসূচীর ক্ষেত্রে শিক্ষার্থীর তথ্য ভাগ করে নেওয়া হবে না। কিছু সম্প্রসারিত সময়কালের প্রারম্ভিক শৈশব কর্মসূচীর ক্ষেত্রে অভিবাসন বা আয়ভিত্তিক যোগ্যতালাভের বিষয় জড়িত থাকবে।
- নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের তথ্য
  - একটি NYC পাবলিক স্কুলে কীভাবে অনুবাদ ও দোভাষী পরিষেবার অনুরোধ জানানো যাবে, তা জানার জন্য দেখুন schools.nyc.gov/hello অথবা কল করুন 718-935-2013।
  - ভর্তির প্রক্রিয়া সম্পর্কে জানার জন্য schools.nyc.gov/admissions-এ গিয়ে “2023 NYC Public Schools Admissions Guide” ডাউনলোড করুন, এটি 9টি ভাষায় পাওয়া যাবে।
  - একটি NYC পাবলিক স্কুল খুঁজে নিতে ও ভর্তির আবেদন জানাতে দেখুন myschools.nyc, কল করুন 311, অথবা সহায়তা পাওয়ার জন্য একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যান। ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলির ঠিকানা পাওয়া যাবে এখানে- schools.nyc.gov/fwc।
  - ভিন্ন ভিন্ন গ্রেড লেভেলের উপর ভিত্তি করে নথিভুক্তির সময়কাল আলাদা হবে। 2024 এর শরৎকালের নথিভুক্তির সময়সূচী দেখুন schools.nyc.gov/enroll।

**কলেজ আর্থিক সহায়তা**

- UnderstandingFAFSA.org-এ সাহায্য পান, একটি ওয়েবসাইট যা কলেজের জন্য অর্থ চাওয়া ছাত্র এবং পরিবারের জন্য গাইড এবং সংস্থান সরবরাহ করে।
  - উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য তাদের বিনামূল্যের FAFSA কিভাবে নির্দেশনা দেবেন দশটি ভাষায় উপলব্ধ।
  - ওয়েবসাইটটি অনথিভুক্ত ছাত্র এবং অভিবাসী পরিবারগুলির জন্য “কিভাবে পাওয়া যায়” পৃষ্ঠাগুলি আপডেট করেছে।
- নিউ ইয়র্ক রাজ্য আর্থিক সহায়তা কর্মসূচী
  - টিউশন অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (TAP) যোগ্যতাপ্রাপ্ত নিউ ইয়র্কবাসীদের NYS-এর অনুমোদিত স্কুলগুলিতে টিউশন ফি প্রদান করে।
    - একজনের বার্ষিক TAP পুরষ্কার $5,665 পর্যন্ত হতে পারে। TAP অনুদান হওয়ার কারণে এই অর্থ ফেরত দেওয়ার প্রয়োজন হয় না।
    - আরও তথ্যের জন্য বা কীভাবে আবেদন জানাবেন জানতে দেখুন hesc.ny.gov/tap
  - এক্সেলসিয়র স্কলারশিপ
    - শিক্ষার্থীদের অন্যান্য আর্থিক সহায়তা কর্মসূচীর সাথে এক্সেলসিয়র স্কলারশিপের সমন্বয়ে একজন শিক্ষার্থী টিউশন ফি ছাড়াই একটি SUNY বা CUNY কলেজে পড়াশোনা করতে পারবেন।
    - যেসব শিক্ষার্থীর পরিবারের আয় $125,000 বা তার কম, তারা আবেদন করার যোগ্যতা পাবেন।
    - স্প্রিং 2024-2025 শিক্ষাবর্ষের জন্য এক্সেলসিওর স্কলারশিপ খুলবে 2024 সালের ডিসেম্বরে।
    - আরও তথ্য জানতে বা আবেদন জানাতে যান hesc.ny.gov/excelsior
  - সেনেটর হোসে পেরাল্টা নিউ ইয়র্ক স্টেট ড্রিম অ্যাক্ট কাগজপত্র বা নথিভুক্তি ছাড়াই শিক্ষার্থীদের NYS পরিচালিত অনুদান ও স্কলারশীপ লাভ করার সুযোগ দেয় যা তাদের উচ্চশিক্ষার ব্যয় বহন করে।
    - আরও তথ্য জানতে বা আবেদন জানাতে দেখুন hesc.ny.gov/dream



# আর্থিক ক্ষমতায়ন




**2025-এ ট্যাক্স ফাইল করা।**

- 2025-এর ট্যাক্স ফাইলের সময় শুরু হয়ে গেছে!
- IRS 2024 কর বছরের রিটার্ন গ্রহণ ও প্রক্রিয়াকরণ করছে এবং ফাইল করার শেষ তারিখ হল 15ই এপ্রিল, 2025।
- ট্যাক্স ফাইল করতে সাহায্য দরকার?
  - ভলেন্টিয়ার ইনকাম ট্যাক্স অ্যাসিস্টেন্স (VITA), ট্যাক্স কাউন্সেলিং ফর দ্য এল্ডারলি (TCE) ও ট্যাক্স-এইড প্রোগ্রামের IRS প্রত্যয়িত স্বেচ্ছাসেবীরা আপনাকে বিনামূল্যে ট্যাক্স প্রস্তুত করতে সহায়তা করবেন।
    - এই পরিষেবাগুলি পাওয়া যাবে যদি আপনার আয় $67,000 বা তার কম হয়, আপনার বয়স 60 বছর বা তার বেশি হয় অথবা আপনার কোনও প্রকার শারীরিক অক্ষমতা থাকে বা ভালোভাবে ইংরাজি বলতে না পারেন।
    - আরও জানতে ও আপনার নিকটবর্তী একটি জায়গা খুঁজে নিতে, দেখুন irs.gov/VITA
  - আপনার রিটার্ন প্রস্তুত করার জন্য আপনি ভার্চুয়ালি IRS প্রত্যয়িত স্বেচ্ছাসেবীদের সাথে যুক্ত হতে পারেন এই লিঙ্ক থেকে- GetYourRefund.org
    - এই পরিষেবা বিনামূল্যে পাওয়া যাবে যদি আপনার আয় $67,000 বা তার কম হয় এবং প্রযুক্তি ব্যবহার করতে আপনি স্বচ্ছন্দ হলে এটি আপনার জন্য একটি ভালো বিকল্প।
  - IRS ফ্রি ফাইলের মাধ্যমে আপনি নিজের রিটার্ন প্রস্তুত ও ফাইল করতে পারবেন- irs.gov/freefile
    - আপনার আয় $84,000 বা তার কম হলে, আপনি দিকনির্দেশ সহ রিটার্ন প্রস্তুতির সহায়তা লাভ করতে পারবেন।
- প্রতারকদের ফাঁদে পা দেবেন না! আপনার ব্যক্তিগত বা আর্থিক তথ্য চেয়ে IRS কক্ষনও আপনাকে টেক্সট, ইমেল পাঠাবে না বা সোশ্যাল মিডিয়ায় যোগাযোগ করার চেষ্টা করবে না।
  - সাম্প্রতিক ট্যাক্স প্রতারণা সম্পর্কে ও কীভাবে তা চেনা যাবে জানতে এবং আপনার সাথে ঘটলে তার অভিযোগ জানাতে, যান- irs.gov/alerts

**ইন্ডিভিজুয়াল ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নাম্বারের জন্য আবেদন জানানো**

- ITIN সেইসব ব্যক্তিকে দেওয়া হবে যাদের একটি U.S. ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নাম্বার থাকা উচিৎ কিন্তু নেই এবং একটি সোশ্যাল সিকিউরিটি নাম্বার (SSN) পাওয়ার যোগ্যতা নেই। ITIN থাকলে আপনি ট্যাক্স ফাইল করতে পারবেন এবং আপনার পাওয়ার যোগ্য ট্যাক্স ক্রেডিটের দাবি জানাতে পারবেন।
- ITIN ট্যাক্স-ফাইলার সংক্রান্ত তথ্য সহ ইন্টারনাল রেভেনিউ সার্ভিস (IRS) এর ডেটা, আইন দ্বারা সুরক্ষিত থাকবে এবং অভিবাসন আইন প্রয়োগের জন্য ব্যবহার করা যাবে না।
- অনুগ্রহ করে মনে রাখবেন যে ITIN এর জন্য আবেদন জানাতে ও সেটির অনুমোদন পেতে কয়েক মাস পর্যন্ত সময় লাগতে পারে, তাই ট্যাক্স দেওয়ার সময় আসা পর্যন্ত অপেক্ষা না করে যত তাড়াতাড়ি সম্ভব আবেদন জানান।
- কিভাবে আবেদন জানাবেন, আপনি কোন ট্যাক্স ক্রেডিটগুলির যোগ্যতা পেতে পারেন এবং ITIN পাওয়ার অন্যান্য সুবিধা সম্পর্কে জানতে, দেখুন taxoutreach.org/tax-filing/itin

**NYS ন্যূনতম মজুরী বৃদ্ধি 1লা জানুয়ারি, 2025 থেকে**

- 1লা জানুয়ারি, 2025 থেকে নিউ ইয়র্ক রাজ্যে ন্যূনতম মজুরী বাড়তে চলেছে।
  - নিউ ইয়র্ক রাজ্যের ন্যূনতম মজুরী হবে $15.50।
  - নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড ও ওয়েস্টচেস্টারের ন্যূনতম মজুরী হবে $16.50।

**NYC খাবার সরবরাহকারী কর্মীদের নতুন ন্যূনতম বেতন হার**

- নিউ ইয়র্ক রাজ্যে আপনি যদি কোনও অ্যাপের জন্য রেস্টুর‍্যান্টের খাবার ডেলিভারি করেন, তাহলে অভিবাসন স্থিতি নির্বিশেষে আপনার নির্দিষ্ট কিছু অধিকার থাকবে।
- ডেলিভারি করার সময়টুকুর জন্য আপনার অ্যাপ যেন আপনাকে ঘণ্টায় অন্ততপক্ষে $19.56 (টিপস অন্তর্ভুক্ত করা হচ্ছে না) দেয়।
  - প্রতি বছর 1লা এপ্রিলে এই ন্যূনতম অর্থের পরিমাণ বাড়তে থাকবে।
  - পারিশ্রমিক বাড়ানোর অন্যান্য নিয়মগুলি অ্যাপকে অবশ্যই মেনে চলতে হবে।
- ন্যূনতম পারিশ্রমিক ও কর্মীদের অধিকার সম্পর্কে আরও জানতে দেখুন nyc.gov/DeliveryApps।
  - এখানে ইংরাজি, স্প্যানিশ, আরবি, বাংলা, চাইনিজ, ফরাসী, হাইতিয়ান ক্রেওল, কোরিয়ান, পোলিশ, রাশিয়ান ও উর্দু ভাষায় তথ্যগুলি পাওয়া যাবে।

# গণতন্ত্র

### জুন 2025 মেয়োরাল প্রাইমারী

- NYC, অলব্যানি ও বাফেলোর মেয়োরাল প্রাইমারীর তারিখ হল 24শে জুন, 2025।
- নিউ ইয়র্ক রাজ্যের প্রাইমারী নির্বাচনে অংশগ্রহণ করতে, আপনাকে নির্বাচন করানো একটি দলে রেজিস্টার করতে হবে।
- এই প্রাইমারী নির্বাচনে ভোট দেওয়ার জন্য রেজিস্টার করার শেষ তারিখ বা আপনার ঠিকানা বদলানোর শেষ তারিখ 14ই জুন, 2025।
- আপনার ভোটার রেজিস্ট্রেশন ও দলীয় অন্তর্ভুক্তি পর্যালোচনা করার জন্য, দেখুন voterlookup.elections.ny.gov.
  - আপনার রেজিস্ট্রেশন স্ট্যাটাস সম্পর্কে কোনও প্রশ্ন থাকলে, আপনার কাউন্টি বোর্ড অফ ইলেকশনের সাথে যোগাযোগ করুন: www.elections.ny.gov/CountyBoards.html
  - NYC বাসিন্দারা দেখুন vote.nyc

### ভোট দিতে রেজিস্টার করুন

- আপনি যদি 16 বছর বা তার বেশি বয়সী হন, একজন মার্কিন নাগরিক হন এবং নির্বাচনের আগে অন্তত 30 দিন নিউইয়র্কে থাকেন, আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারেন।
  - আপনার বয়স 16 বা 17 হলে, আপনি ভোট দেওয়ার জন্য প্রাক-নিবন্ধন করতে পারেন কিন্তু 18 বছর বয়স পর্যন্ত ভোট দিতে পারবেন না।
  - যদি আপনি একটি অপরাধমূলক দোষী সাব্যস্ত হওয়ার জন্য কারাগারে বন্দী হন বা আদালতের দ্বারা মানসিকভাবে অক্ষম বলে প্রমাণিত হন, আপনি ভোট দেবার জন্য নিবন্ধন করতে পারবেন না।
- NYS বোর্ড অব ইলেকশন: www.elections.ny.gov/VotingRegister.html
- NYC বোর্ড অব ইলেকশন: vote.nyc/page/register-vote
- অনলাইনে রেজিস্টার করুন (আপনার কাছে NYS ড্রাইভার লাইসেন্স, পারমিট বা নন-ড্রাইভার আইডি থাকলে): voterreg.dmv.ny.gov/MotorVoter
- একটি নিবন্ধন ফর্মের জন্য 1-800-FOR-VOTE (1-800-367-8683)
- আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হয়েছেন কিনা তা নিশ্চিত নন? আপনার ভোটার নিবন্ধন স্থিতি পরীক্ষা করতে voterlookup.elections.ny.gov-এ যেতে পারেন।

### ভোটদানে আপনার অধিকার

- ভোটাররা নিউইয়র্ক সিটি ব্যতীত, যেখানে ভোটারদের ঠিকানার মাধ্যমে একটি প্রথম দিকের ভোটদানের সাইট বরাদ্দ করা হয়েছে, যে কাউন্টিতে বসবাস করছেন সেখানে যে কোনও প্রথম দিকের ভোটদান কেন্দ্রে যেতে পারেন।
- যদি আপনি বিশ্বাস করেন যে আপনি যোগ্য ভোটদাতা এবং ভোটদানের জন্য সময় মত নাম নথিভুক্ত করেছেন, কিন্তু আপনার নাম ভোটাদাতাদের তালিকায় পাওয়া যাচ্ছে না, তাহলে আপনি একটি প্রভিশনাল অথবা অ্যাফিডেভিট ভোটপত্রের জন্য অনুরোধ করতে পারেন।
- আপনি প্রথমবারের ভোটার হওয়া সত্ত্বেও আপনার ভোটদানের জায়গায় আইডি দেখাতে হবে না।
- আপনি গৃহহীন হলেও আপনি ভোট দিতে পারেন।
- কিছু পরিস্থিতিতে, যদি আপনি কোনও অপরাধের জন্য দোষী সাব্যস্ত হন তবে আপনি তা সত্ত্বেও ভোট দেওয়ার যোগ্য হতে পারেন।
- আরও যোগ্যতার চাহিদার জন্য: nycvotes.org/how-to-vote/voting-rights
- নিউ ইয়র্ক স্টেট এর কিছু কর্মীরা ভোট দানের জন্য দুই ঘণ্টা পর্যন্ত পেইড টাইম বা অর্থপ্রদান করা সময় পাওয়ার যোগ্য। আপনি যোগ্য কি না তা দেখুন এখানে: www.elections.ny.gov/NYSBOE/elections/TimeOffToVoteFAQ.pdf

**আমাদের নির্বাচন ব্যবস্থা ও সেটা কিভাবে কাজ করে সেই সম্পর্কে জানতে, আমাদের ভিডিওগুলি দেখুন: nyic.me/civics**



# আপনার অধিকারগুলি জানুন



**ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট (ICE), বর্ডার পেট্রোল, বা অন্যান্য আইন রক্ষাকারীর সাথে কাজ করার সময় সম্প্রদায়ের সদস্য এবং সহযোগীদের তাদের অধিকার সম্পর্কে সচেতন হওয়া উচিত।**

**যদি আপনাকে অভিবাসন বা অন্যান্য আইন রক্ষাকারীরা আটকান, মনে রাখবেন:**

- শান্ত থাকুন। পালাবেন না। অফিসারকে আটকাবেন না বা বাধা দিবেন না।
- মিথ্যা বলবেন না অথবা মিথ্যা নথি দিবেন না।
- আপনার চুপ থাকার অধিকার আছে। আপনি যা কিছু বলবেন তা আপনার বিরুদ্ধে ব্যবহার করা যেতে পারে।
- যদি এজেন্টরা জিজ্ঞাসা করে তারা আপনাকে অথবা আপনার জিনিসপত্র খুঁজে দেখতে পারে কি না, আপনার না বলার অধিকার আছে।
    - যদিও, শারীরিকভাবে বাধা দিবেন না।
    - যদি পুলিশ সন্দেহ করে আপনার কাছে কোন অস্ত্র আছে, তাহলে হয়তো আপনার তল্লাশি করতে পারে।
- যদি আপনি একজন US নাগরিক না হন এবং একজন অভিবাসন এজেন্ট আপনার অভিবাসনের কাগজপত্র দেখার অনুরোধ করেন, আপনার অবশ্যই তাদেরকে দেখা উচিত যদি আপনার সঙ্গে সেগুলি থাকে।
- যদি আপনাকে আইন রক্ষাকারীরা থামায়, আটকে রাখে, অথবা হয়রান করে, সেই এজেন্ট(দের) নাম, নাম্বার, এবং অন্য যেকোনো পরিচয় তথ্য পাওয়ার চেষ্টা করুন।
- আপনি বা সম্প্রদায়ের অন্য কেউ আইন রক্ষাকারীর সাথে কথোপকথনের ভিডিও বা অডিও রেকর্ডিং নিতে পারেন। তারা চলে যাওয়ার পর কি হয়েছিল তাও লিখতে পারেন।
- আইন রক্ষাকারী অফিসারদের জন্য আপনার জাতি, জাতীয় উৎস, ধর্ম, লিঙ্গ, অথবা জাতিগততার উপর ভিত্তি করে যেকোনো থামানো, খোঁজাখুঁজি করা, আটকে রাখা, অথবা নির্বাসন সঞ্চালন করা বেআইনি।

**আপনি অভিবাসী প্রতিরক্ষা প্রকল্প (IDP) ফেডারেল এজেন্টদের সাথে পারস্পরিক কথাবার্তা রিপোর্ট করতে পারেন। এছাড়াও IDP সেই সমস্ত অভিবাসীদের আইনি তথ্য এবং রেফারেল প্রদান করে যারা গ্রেফতার হয়েছেন, যাদের টিকিট দেওয়া হয়েছে বা যারা অপরাধে দোষী সাব্যস্ত হয়েছেন। 212-725-6422 নম্বরে কল করুন বা info@immdefense.org তে ইমেল করুন।**

**ব্যক্তিগত জায়গা**

- আপনার বাড়ি এবং অন্যান্য "ব্যক্তিগত জায়গা" (যেমন কর্মক্ষেত্রের শুধুমাত্র কর্মচারী এলাকা) বিশেষ সুরক্ষা বহন করে যা সর্বজনীন স্থানগুলি করে না। অফিসাররা শুধুমাত্র তখনই ব্যক্তিগত জায়গায় প্রবেশ করতে পারেন যদি তাতে আপনার সম্মতি থাকে বা তারা আপনাকে একটি আইনি পরোয়ানা দেখায় (একজন বিচারক দ্বারা স্বাক্ষরিত)।

**সুরক্ষিত এলাকাসমূহ**

- 2025 সালের জানুয়ারি মাসে ট্রাম্প সরকার দীর্ঘদিনের একটি পলিসি বাতিল করেছে যেখানে “স্পর্শকাতর স্থান” বা “সুরক্ষিত এলাকা”, যেমন, স্কুল, চিকিৎসা কেন্দ্র ও উপাসনা স্থলে অভিবাসন আইন প্রয়োগকারীদের এড়ানোর জন্য ICE ও CBP-কে নির্দেশ দেওয়া ছিল।
- এই পরিবর্তন সত্ত্বেও, নিউ ইয়র্কবাসীরা এইসব জায়গায় কিছুটা সুরক্ষিত থাকবেন।
- 2018 সালের একটি নিউ ইয়র্ক স্টেট এক্সিকিউটিভ অর্ডারে, ICE-এর কাছে বিচার বিভাগীয় পরোয়ানা থাকার ক্ষেত্রে ছাড়া নিউ ইয়র্ক রাজ্য সরকারের বিভিন্ন পরিষেবা স্থল যেমন সরকারি স্কুল বা হাসপাতালে অভিবাসন আইন প্রয়োগকারীদের নিষিদ্ধ করা হয়েছিল।
- প্রোটেক্ট আওয়ার কোর্টস অ্যাক্ট, একটি বিচার বিভাগীয় পরোয়ানা ছাড়া রাজ্য, নগর ও পৌর আদালতের মধ্যে নিউ ইয়র্কবাসীদের গ্রেফতার হওয়া থেকে সুরক্ষিত রাখে।
- একটি বিচার বিভাগীয় পরোয়ানা অথবা মালিকের সম্মতি ছাড়া ICE ও অন্যান্য এজেন্টরা কর্মক্ষেত্রের “ব্যক্তিগত স্থানে” প্রবেশ করতে পারবেন না।

**অভিবাসন জালিয়াতি সম্পর্কে সচেতন থাকুন**

- অভিবাসন আইন জটিল। কোনও ব্যক্তি বা ব্যবসার সাথে আপনার পরিস্থিতি নিয়ে আলোচনা করার সময় দয়া করে সতর্ক থাকুন।
- আপনার পরিস্থিতি সম্পর্কে আইনি পরামর্শের জন্য আপনার শুধুমাত্র একজন আইনজীবী বা ডিপার্টমেন্ট অফ জাস্টিস (DOJ) স্বীকৃত প্রতিনিধির সাথে কথা বলা উচিত।
- "নোটারিও", ট্রাভেল এজেন্ট, ট্যাক্স প্রস্তুতকারী, ফর্ম প্রস্তুতকারী, বা নোটারির কাছ থেকে কখনই অভিবাসন সহায়তা পাবেন না। মার্কিন যুক্তরাষ্ট্রে, একজন "নোটারিও" একজন আইনজীবী নয়!

**আপনার ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন হলে বা সাধারণ অভিবাসন সংক্রান্ত প্রশ্ন থাকলে, অফিস ফর নিউ আমেরিকানস হটলাইনে কল করুন 1-800-566-7636 নম্বরে।**

# কমিউনিটির সুরক্ষা



**অভিবাসন স্থিতি বা পরিচয় নির্বিশেষে প্রত্যেকের নিজের কমিউনিটিতে নিরাপদ থাকার অধিকার রয়েছে।**

### হিংসামূলক অপরাধ ও পক্ষপাত

- হিংসামূলক অপরাধ এমন এক অপকর্ম যা একজন ব্যক্তির জাতি, বর্ণ, জাতীয়তা, বংশ পরিচয়, লিঙ্গ, ধর্মীয় বিশ্বাস, ধর্মচর্চা, বয়স, অক্ষমতা বা যৌন অভিমুখীতার বিরুদ্ধে পক্ষপাত থাকার কারণে ঘটানো হয়।
- নিউ ইয়র্ক রাজ্যের একটি হেট ক্রাইম টাস্ক ফোর্স রয়েছে যার মাধ্যমে বেড়ে চলা পক্ষপাত-মূলক হুমকি, হেনস্থা ও হিংসার ঘটনায় ব্যবস্থা নেওয়া হয়।
- যদি হিংসামূলক অপরাধ ঘটতে দেখেন বা কাউকে তার শিকার হতে দেখেন তাহলে:
    - হিউম্যান রাইটসের NYS বিভাগে এই ঘটনা রিপোর্ট করুন। কল করুন- 1-888-392-3644, "HATE" লিখে 81336 নম্বরে পাঠান, অথবা দেখুন- forms.ny.gov/s3/Hate-Crime-Tips। আরও তথ্যের জন্য dhr.ny.gov দেখতে পারেন
    - ঘটতে থাকা হিংসামূলক অপরাধ বা কোনও আপদকালীন ঘটনা রিপোর্ট করতে, তৎক্ষণাৎ 911-এ কল করুন।
- হিংসামূলক অপরাধের রিপোর্ট জানানোর সময়, আপনার অভিজ্ঞতা, পরিচয় ও অন্যান্য সমস্ত তথ্য গোপন রাখা হয়।
- নিজের অভিবাসন স্থিতি নির্বিশেষে আপনি হিংসামূলক অপরাধ রিপোর্ট করতে পারেন ও পরিষেবা পেতে পারেন।

### কমিউনিটির সংস্থান

- নিউ ইয়র্ক সিটির অফিস ফর দ্য প্রিভেনশন অফ হেট ক্রাইম থেকে কমিউনিটি সদস্যদের ও সংগঠনগুলিকে পরিষেবা, সংস্থান ও সহায়তা দেওয়া হয়। তথ্য সংস্থান একাধিক ভাষায় উপলব্ধ থাকে। আরও তথ্যের জন্য, দেখুন- nyc.gov/stophate।
- সেন্টার ফর অ্যান্টি-ভায়োলেন্স এডুকেশন, নিউ ইয়র্কের কমিউনিটিগুলির মধ্যে ঘটা হিংসাত্মক ঘটনাগুলি আটকায়, ব্যাহত করে ও স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনে। এদের আত্মরক্ষা, দর্শকদের ওয়ার্কশপ ও যুব ক্ষমতায়ন সংক্রান্ত শিক্ষামূলক কার্যক্রম রয়েছে। আরও তথ্যের জন্য, কল করুন- 1-718-788-1775 অথবা দেখুন- caeny.org।

### কমিউনিটির সাথে সংযোগ

- AAPI
    - Asian Americans for Equality: 212-979-8381, aafe.org
    - Chhaya for South-Asian and Indo-Caribbean communities: 718-478-3848, chhayacdc.org
    - Korean Family Service Center: 718-460-3800, kafsc.org
    - MinKwon Center for Community Action: 718-460-5600, minkwon.org
    - National Federation of Filipino American Associations New York: 212-684-0542, naffaa.org
    - Sikh Coalition: 516-930-0302, sikhcoalition.org
- আফ্রিকান
    - African Communities Together: 347-746-2281, africans.us
    - African Services Committee: 212-222-3882, africanservices.org
    - Sauti Yetu Center For African Women: 718-665-2486, sautiyetu.us
- আরব/মুসলিম
    - Arab American Association of New York: 718-745-3523, arabamericanny.org
    - Council on American-Islamic Relations of New York: 646-665-7599, cair-ny.org
    - Muslim Community Network: 347-519-2755, mcnny.org
- অক্ষমতা
    - Center for Disability Rights: 585-546-7510, cdrnys.org
    - Disability Rights New York: 518-432-7861, drny.org
- হিস্প্যানিক/ ল্যাতিনো
    - Hispanic Federation: 866-432-9832, hispanicfederation.org
    - Latino Commission on AIDS: 212-584-9325, latinoaids.org
    - Mixteca: 718-965-4795, mixteca.org
    - TransLatinx: 646-882-2000, translatinxnetwork.org
- LGBTQ+
    - Caribbean Equality Project: 347-709-3179, caribbeanequalityproject.org
    - Gay, Lesbian, Bisexual and Transgender Community Center: 212-620-7310, gaycenter.org
    - New York City Gay and Lesbian Anti-Violence Project: 212-714-1141, avp.org
- নেটিভ আমেরিকান ও আলাস্কাবাসী
    - American Indian Community House: 646-575-3638, aich.org
    - North American Indigenous Center of New York: 516-930-0302, naicny.org

# NYS পরিসম্পদ সমূহ



**এনওয়াইএস অফিস ফর নিউ আমেরিকানস**

- আপনি বা আপনার পরিচিত জনের যদি বিনামূল্যে আইনি সহায়তার প্রয়োজন হয়, তবে 1-800-566-7636-এ হটলাইনে কল করুন। সমস্ত কলের তথ্য গোপনীয়। 200+ ভাষায় সহায়তা উপলভ্য।

**NYS ডিপার্টমেণ্ট অব হেলথ**

- স্বাস্থ্য কভারেজের জন্য আবেদন করুন: 1-855-355-5777 -এ কল করুন বা nystateofhealth.ny.gov–এ যান।

**NYS অফিস অব মেণ্টাল হেলথ**

- মানসিক স্বাস্থ্য পরিষেবা সম্পর্কে প্রশ্নগুলির জন্য বা মানসিক স্বাস্থ্যসেবা সরবরাহকারীর সন্ধানের জন্য, 1-800-597-8481-এ কল করুন বা omh.ny.gov–এ যান।
- ন্যাশনাল সুইসাইড প্রিভেনশন লাইফলাইন: আপনার জীবন বা অন্য কারও যদি আসন্ন বিপদগ্রস্ত হয়ে পড়ে, 911-এ কল করুন। আপনি যদি সংকটে পড়ে থাকেন এবং তাৎক্ষণিক সাহায্যের প্রয়োজন হয় তবে 1-800-273-8255-এ কল করুন বা 741-741-এ "GOT5" টেক্সট করুন।

**গার্হস্থ্য হিংসা প্রতিরোধের জন্য NYS অফিস**

- আপনি বা সম্পর্কে থাকা অন্য কেউ মৌখিক, শারীরিক বা যৌন অত্যাচার বা অন্য কোনও উপায়ে অপর একজন ব্যক্তি দ্বারা শাসিত হলে, NYS ডোমেস্টিক ভায়োলেন্স হটলাইনে কল করুন- 1-800-942-6906।
- অনলাইনে একজন অ্যাডভোকেটের সাথে কথা বলতে চাইলে, দেখুন- opdv.ny.gov। বেশীরভাগ ভাষাতেই 24/7 উপলব্ধতা রয়েছে।

**NYS ডিপার্টমেণ্ট অব লেবার**

- ডিপার্টমেণ্ট অব লেবার শ্রমিকদের নিরাপত্তা এবং স্বাস্থ্য, মজুরি এবং কাজের পরিস্থিতির সুরক্ষা দিতে এবং উন্নত করতে প্রতিশ্রুতিবদ্ধ।
- মজুরি ও ঘন্টা সম্পর্কিত আইন, কর্মক্ষেত্রের স্বাস্থ্য ও সুরক্ষা সম্বন্ধে তথ্য, বা অভিযোগ দায়ের করার জন্য, 1-888-469-7365-এ কল করুন বা dol.ny.gov/safety-and-health–এ যান।
- বেকার বীমা সম্পর্কে সহায়তার জন্য, 1-888-209-8124-এ কল করুন বা dol.ny.gov/unemployment/unemployment-insurance-assistance–এ যান।

**NYS মানবাধিকার বিভাগ**

- বয়স, জাতি, জাতীয় উৎস, লিঙ্গ, যৌন অভিমুখ, লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তি, বৈবাহিক স্থিতি, অক্ষমতা, মিলিটারী স্থিতি এবং অন্যান্য শ্রেণীর ভিত্তিতে কর্মসংস্থান, আবাসন, ঋণ, শিক্ষা এবং জনসাধারণের থাকার জায়গার মতো ক্ষেত্রে নিউইয়র্কে হিউম্যান রাইটস আইন বৈষম্যকে নিষিদ্ধ করে।
- আপনার যদি মনে হয় যে, আপনার সাথে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে তবে 1-888-392-3644-এ একটি অভিযোগ দায়ের করুন বা dhr.ny.gov–এ যান।

**NYS হাউসিং**

- সাধ্যের মধ্যে বাসস্থান খোঁজার কাজে সহায়তা চাইলে, কল করুন- 1-877-428-8844 অথবা দেখুন- nyhousingsearch.gov।
- নিউ ইয়র্ক সিটির সাশ্রয়ী হাউসিং লটারি সংক্রান্ত তথ্য পেতে, কল করুন- 212-863-7990 অথবা দেখুন- housingconnect.nyc.gov।
- নিউ ইয়র্ক রাজ্যে ভাড়াটিয়ার অধিকার সম্পর্কে আরও তথ্য পেতে, দেখুন- ag.ny.gov/publications/residential-tenants-rights-guide।

**NYS অফিস অফ ভিক্টিম সার্ভিসেস**

- আপনি বা আপনার চেনা কেউ হিংসামূলক অপরাধের শিকার হলে, NYS অফিস অফ ভিক্টিম সার্ভিসেস চিকিৎসার বিল ও কাউন্সেলিং-এর খরচ, মৃতদেহ কবর দেওয়া ও অন্ত্যেষ্টিক্রিয়ার খরচ, নষ্ট হওয়া মজুরী ও অন্যান্য সহায়তা দিতে পারবে। আরও জানতে কল করুন- 1-800-247-8035 অথবা দেখুন- ovs.ny.gov।

এই নথিটি অনলাইনে অথবা অন্য ভাষাগুলিতে দেখার জন্য দেখুন nyic.org/KYR অথবা এই কোড স্ক্যান করুন:

এই টুলকিট বা এতে থাকা তথ্য সম্পর্কে আপনার যদি প্রশ্ন বা মন্তব্য থাকে তবে অনুগ্রহ করে যোগাযোগ করুন:
Bryan Lee – blee@nyic.org

আপনার আশেপাশের সংস্থার জন্য একটি বিনামূল্যের "আপনার অধিকার জানুন" সেশনের ব্যবস্থা করতে kyr@nyic.org-এ যোগাযোগ করুন।

নিউইয়র্ক ইমিগ্রেশন কোয়েলিশন (NYIC) হল, একটি আমব্রেলা পলিসি এবং অ্যাডভোকেসি সংস্থা যা পুরো নিউইয়র্কের 200 টিরও বেশি অভিবাসী এবং শরণার্থী অধিকার গোষ্ঠীর প্রতিনিধিত্ব করে।

আমরা একটি নিউ ইয়র্ক স্টেট কল্পনা করি যা আরও শক্তিশালী কারণ সমস্ত মানুষেরা সেখানে স্বাগত, তাদের প্রতি ন্যায্য আচরণ করা হয় এবং তাদের স্বপ্ন অনুসরণ করার সুযোগ দেওয়া হয়। আমাদের লক্ষ্য হ'ল অভিবাসী, সদস্য এবং মিত্রদের ঐক্যবদ্ধ করা যাতে সমস্ত নিউ ইয়র্কের অধিবাসীবৃন্দ সমৃদ্ধ হতে পারে।

NYIC

**New York Immigration Coalition**
131 W 33rd St, Ste 610
New York, NY 10001
212 627 2227
nyic.org